# Times Today BD

ডেস্ক রিপোর্ট | আন্তর্জাতিক | 27 March, 2025

গাজার উত্তরাঞ্চলে ইসরায়েলি বিমান হামলায় ফিলিস্তিনের স্বাধীনতাকামী সশস্ত্র সংগঠন হামাসের মুখপাত্র আবদেল-লতিফ আল-কানুয়া নিহত হয়েছেন।বৃহস্পতিবার (২৭ মার্চ) ভোরে হামাস পরিচালিত গণমাধ্যমের এই খবর দেয়া হয়েছে।

হামাস পরিচালিত আল-আকসা টেলিভিশনের খবরে বলা হয়, জাবালিয়ায় আল-কানুয়ার তাঁবু লক্ষ্য করে হামলা চালানো হলে তিনি নিহত হন। চিকিৎসাকেন্দ্র-সংশ্লিষ্ট সূত্রগুলো বলেছে, একই হামলায় আরও কয়েকজন আহত হয়েছেন। এছাড়া আলাদা হামলায় গাজা নগরীতে কমপক্ষে ছয়জন এবং দক্ষিণাঞ্চলীয় গাজার খান ইউনিস এলাকায় একজন নিহত হয়েছেন।

গাজা উপত্যকায় দুই মাস ধরে চলা যুদ্ধবিরতি ভেঙে গত সপ্তাহে ইসরায়েল নতুন করে সেখানে বোমা হামলা ও স্থল অভিযান শুরু করে। জিম্মিদের মুক্তি দেয়ার জন্য হামাসের ওপর চাপ জোরদার করা হয়।

গাজার স্বাস্থ্য মন্ত্রণালয়ের তথ্য অনুসারে, ১৮ মার্চ গাজায় ইসরায়েল নতুন করে বড় ধরনের সামরিক হামলা শুরু করার পর থেকে কমপক্ষে ৮৩০ জন নিহত হয়েছেন।তাদের অর্ধেকই শিশু ও নারী।গাজা উপত্যকায় যুদ্ধবিরতি লঙ্ঘনের জন্য ইসরায়েল ও হামাস একে অপরকে দায়ী করছে।

এদিকে হামাসের অভিযোগ, যুদ্ধ বন্ধের জন্য স্থায়ী চুক্তিতে পৌঁছাতে আলোচনার জন্য মধ্যস্থতাকারীরা যে প্রচেষ্টা চালাচ্ছে, তা বিপন্ন করছে ইসরায়েল। ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু বলেছেন, হামাস যুদ্ধবিরতির মেয়াদ বাড়ানোর প্রস্তাব প্রত্যাখ্যান করায় তিনি হামলার নির্দেশ দিয়েছেন।বুধবার (২৬ মার্চ) তিনি আবারও হুমকি দিয়েছেন যে হামাস বাকি জিম্মিদের মুক্তি না দিলে গাজা উপত্যকা দখল করা হবে।

সূত্র : আল জাজিরা

ইসরায়েল বেনিয়ামিন নেতানিয়াহু গাজা ফিলিস্তিন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 19:39

URL: https://timestodaybd.com/international/93486987